# ঈশ্বর কি রকম দেখতে তা আমাদের দেখানোর জন্য যীশু অনেক গল্প ব্যবহার করেছিলেন।

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ণ S7b পাঠ করা উচিৎ।

**১. যীশুর গল্প থেকে ঈশ্বরের বিষয় শেখার জন্য আপনার হৃদয় প্রস্তুত করুন।**

"প্রিয় পিতা, পৃথিবীতে সুসমাচার আনার জন্য যীশুকে প্রেরণ করার জন্য তোমাকে ধন্যবাদ। তাঁর গল্পগুলোর জন্য তোমাকে ধন্যবাদ দিই যা আমাদের তোমার বাণী বুঝতে সাহায্য করে। অন্যলোকদের কাছে এই সুন্দর গল্পগুলো বলতে আমাদের সাহায্য কর।"



যীশু ছিলেন পৃথিবীর সবচেয়ে ফলপ্রসু বার্তাবাহক। যীশু লোকদের তাঁর বাণী বোঝানোর জন্য নীতিমূলক গল্প হিসাবে প্রচলিত সত্য কাহিনীগুলো ব্যবহার করেছিলেন যা প্রচলিত সাধারণ লোকদের জীবনের দৈনিক কার্যকলাপের থেকে উদাহরণ দেয়। লোকদের পক্ষে সহজে বোঝার জন্য, মনে রাখার জন্য এবং অন্যদের কাছে সহভাগিতার জন্য যীশু গল্পগুলো ব্যবহার করেছিলেন। তাঁর গল্পগুলো সহজেই মূল্যবান রূপে খুঁজে পায় এবং আগ্রহের সঙ্গে তাদের পরিবার ও বন্ধুদের জানাতে পারে। যিহূদীদের মধ্যে অতিদ্রুত এই সুসমাচার ছড়িয়ে পড়েছিল। এখানে কতকগুলো সত্যের বিষয় বলা হয়েছে যা গল্পের মাধ্যমে যীশু আমাদের কাছে প্রকাশ করেছিলেন ঃ

- ঈশ্বর প্রায়ই রহস্যপূর্ণভাবে কাজ করেন। যীশুর গল্প সেই রহস্যগুলো গাছের বৃদ্ধির সঙ্গে এবং অন্যান্য জিনিসের সঙ্গে তুলনা করেছেন, যা লোকেরা সহজেই বুঝতে পারেন।
- ঈশ্বর এমন লোকেদের সঙ্গে কাজ করেছিলেন যাদের অন্য লোকেরা দূর্বল এবং গুরুত্বহীন বলে মনে করত।
- যীশুর বাণী অন্যায্য ধর্মের বাণী অপেক্ষা তরতাজা এবং শক্তিশালী।
- যীশু বলেছিলেন যে ঈশ্বর আমাদের অন্বেষণ করছেন; তিনি আমাদের পাপ থেকে রক্ষা করতে চান।
- ঈশ্বর আমাদের করার জন্য কাজ দিয়েছেন। তিনি চান আমরা যেন ভয় না করে আনন্দের সঙ্গে তাঁর পরিচর্য্যা করি।
- যারা তাঁর পরিচর্য্যা করেন ঈশ্বর তাদের পুরস্কার দেন এবং যারা তাঁকে প্রত্যাখান করেন তিনি তাদের শাস্তি দেবেন।

দয়া করে নিম্নলিখিত ছয়টি গল্পের উদাহরণ পাঠ করুন যা যীশু তাঁর রাজ্যের বিষয় সত্যগুলো প্রকাশ করার জন্য ব্যবহার করেছিলেন। যতবার আপনি একটি গল্প পাঠ করবেন, ততবার ঈশ্বরের কাছে প্রার্থনা করুন তিনি যেন এটা বুঝতে আপনাকে সাহায্য করেন। প্রতিটি গল্পে কিছু একটা খুঁজে দেখুন, যা আপনাকে বুঝতে এবং তিনি আপনাকে দিয়ে কি করাতে চান তা উপলব্ধি করতেসাহায্য করে।

**মথি ১৩ঃ৩১-৩৫** পদে খুঁজে দেখুন; সর্ষের দানা থেকে ঈশ্বর আপনাকে কি শিক্ষা দিতে চেয়েছেন ঃ

- এখানে তাড়ী এবং সর্ষের দানা কি বিষয়ের প্রতিনিধিত্ব করছে।
- ঈশ্বরের রাজ্য কিভাবে শুরু হয় এবং এটা যখন বৃদ্ধি পায় তখন কি ঘটে।

**লূক ৫ঃ৩৬-৩৮** পদে খুঁজে দেখুন; পুরাতন কোট এবং পুরাতন বোতলের গল্প ঃ

- নতুন কাপড়ের টুকরো এবং নতুন দ্রাক্ষারস কি প্রতিনিধিত্ব করে।
- যীশুর বাণীকে কিভাবে অন্যান্য অথবা পুরাতন ধর্মীয় বাণীর সঙ্গে তুলনা করা যায়।

**লূক ১৫ঃ৮-১০** পদে খুঁজে দেখুন; হারানো সিকির গল্প ঃ

- সেই মহিলা এবং হারানো সিকিটি কিসের প্রতিনিধিত্ব করে।
- ঈশ্বর কত জরুরীভাবে হারানো লোকদের অন্বেষণ করেন এবং যখন তিনি তাদের খুঁজে পান, তিনি কি করেন।

**লূক ১৮ঃ১০-১৪** পদে খুঁজে দেখুন, অনুতপ্ত করগ্রাহীর গল্প ঃ

- ফরীশীর মনোভাব ঈশ্বরকে সন্তুষ্ট করতে পারে নি কেন।
- কিভাবে আমাদের ঈশ্বরের কাছে অবেদন করা বা যাওয়া উচিৎ।

**মথি ২৪ঃ৪৫-৫১** পদে খুঁজে দেখুন, বিশ্বস্ত দাসের গল্প ঃ

- বিশ্বস্ত দাস এবং তাঁর কাজ কার এবং কিসের প্রতিনিধিত্ব করে।
- কি মনোভাব নিয়ে আমরা ঈশ্বরের কাজ করব।

**মথি ২৫ঃ১-১৩** পদে খুঁজে দেখুন, একটি বিবাহ ভোজের গল্প ঃ

- যারা বিশ্বস্তভাবে খ্রীষ্টের পরিচর্য্যা করছেন তাদের জন্য, যারা তাঁর পরিচর্য্যা করতে ব্যর্থ হচ্ছেন তাদের জন্য কি প্রতিজ্ঞা করছে।
- বিবাহ ভোজটি কি বিষয়ের প্রতিনিধিত্ব করে। (সাহায্যের জন্য প্রকাশিত বাক্য ১৯ঃ১-১০ পদ দেখুন)

আমাদেরও ঈশ্বরের সত্যের সংযোগ ঘটানোর জন্য পুরাতন নিয়ম ও নতুন নিয়ম থেকে বাইবেলের গল্পগুলো পাঠ করা যেতে পারে, মন থেকে বলা যেতে পারে, নাটক করা যেতে পারে অথবা কতগুলো সারিবদ্ধ ছবির মাধ্যমে প্রকাশ করা যেতে পারে।

২. **সপ্তাহব্যাপী কার্যকলাপের বিষয় সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন ঃ**

- বিশ্বাসী এবং এখনও যারা যীশুকে জানে না তাদের উভয়ের কাছে যান। তাদের প্রয়োজন পূরণ করতে পারে এমন গল্পগুলো পুরাতন ও নতুন নিয়ম থেকে তাদের কাছে বলুন। গল্পগুলো যে সত্যবহন করছে তা আপনি এবং যারা শুনছেন তারা উভয়েই যেন অনুশীলণ করতে পারেন, তার জন্য আপনাকে পথ প্রদর্শন করার বিষয়ে ঈশ্বরের কাছে যাচ্ঞা করুন।
- যারা শিশুদের শিক্ষা দেন এবং যীশু যে গল্পগুলো বলে ছিলেন এবং বাইবেলের অন্যান্য গল্পগুলো কি কি ভাবে বলা যায় সেই বিষয়ে পরিকল্পনা করতে শিশুদের সাহায্য করেন, তাদের সঙ্গে সাক্ষাৎ করুন। শিশুদের গল্পগুলো আবৃত্তি, নাটক অথবা গানের মাধ্যমে করতে দিন। এছাড়াও তারা এই বিষয়ে ছবি আঁকতে পারে বা কবিতা লিখতে পারে।
- কিভাবে শিক্ষাদানে এবং অন্যদের কাছে যীশুর বিষয় বলার সময় বাইবেলের গল্পগুলো ব্যবহার করা যায় সে বিষয়ে সহকর্মীদের সঙ্গে আলোচনা করুন। আপনাদের সংস্থাতিতে যে গল্পগুলো সুসমাচার উত্তমরূপে বুঝতে সাহায্য করবে সেই গল্পগুলো মনোনীত করুন। যে সমস্ত উপকরণ ও সুসমাচার প্রসারক উপাদানগুলো যেগুলো বাইবেলের গল্প বলে সেগুলি ব্যবহার করুন।
- কিভাবে বন্ধুদের কাছে বাইবেলের গল্পগুলো বলতে হবে এবং আরাধনার সময় গল্পগুলো ব্যবহার করতে হবে সেই বিষয়ে উপাসক মন্ডলীর সদস্যদের কাছে প্রদর্শন করুন। গান, নাটক, কবিতা এবং ছবির মাধ্যমে গল্পগুলো তাদের উপস্থাপন করতে দিন। বিশ্বাসীদের মধ্যে যারা ছবি আঁকতে পারেন তাদের গল্পগুলোর ব্যাখ্যা প্রদর্শনের জন্য ছবি আঁকতে বলুন।

৩. **আগামী আরাধনার বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

বর্তমান প্রয়োজন এবং স্থানীয় রীতির সঙ্গে মানানসই কার্যকলাপ পছন্দ করুন।

যীশুর দু একটি নীতিগল্প যেগুলো আপনি অধ্যয়ন করেছেন, সেগুলো বলুন অথবা নাটক করে দেখান। ঘটনাগুলো যদি বর্তমানে আপনার সংস্কৃতিতে ঘটতো, তবে কিভাবে গল্পগুলো বলা উচিৎ হবে সেই বিষয়ে লোকদের কল্পনা করতে সাহায্য করুন।

ভাগ ১ (ওপরে) যে বিষয়গুলো আপনি খুঁজে পেয়েছেন, সেই বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করতে সাহায্য করুন।

ব্যাখ্যা করুন যীশু কিভাবে তাঁর গল্পগুলোতে ঈশ্বরের বিষয়ে সত্য প্রকাশ করেছেন। সেই সত্যগুলোর কয়েকটি ব্যাখ্যা করুন।

প্রভুর ভোজের বিষয় পরিচিত করানোর জন্য মথি ২৫ঃ১-১৩ পদে যীশু যে গল্পটি বলেছিলেন সেটা ব্যবহার করুন। গল্পটিতে বুদ্ধিমতী এবং মূর্খ কুমারীদের বিষয় বলা হয়েছে, যারা এক বিবাহ ভোজে গেছিলেন। ব্যাখ্যা করুন যে প্রভুর ভোজের অনুষ্ঠানটি আমাদের যীশুর সঙ্গে মহান ভোজের স্বাদ দান করে যা স্বর্গে আমাদের জন্য পুরস্কার হবে।

শিশুরা যে নাটক, কবিতা এবং প্রশ্নগুলো প্রস্তুত করেছে, তা তাদের উপস্থাপন করতে দিন।

ঈশ্বর কিভাবে তাদের কাছে তাঁর বিষয়ে সত্যগুলো এই বাইবেলের গল্পগুলোর মাধ্যমে প্রকাশ করেছেন এবং অন্যদের কাছে এই সুসমাচার সরবরাহ করতে সাহায্য করেছেন, সেইসব বিষয়ে বিশ্বাসীদের সাক্ষ্য দিতে বলুন।

পরস্পরের নিমিত্ত প্রার্থনা ও পরামর্শ করার জন্য এবং যীশু যে গল্পগুলো বলেছিলেন তা শেখার জন্য তাদের পরিকল্পনা নিশ্চিত করার জন্য এবং তাদের বন্ধুদের কাছে এবং পরিবারের সেই সব গল্পগুলো বলার জন্য দু-তিনজনের ছোট ছোট দল তৈরী করুন।

**মুখস্থ পদ ঃ** যোহন ৮ঃ১২ পদ একসঙ্গে মুখস্থ করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net